129 246

দৈনিক সংবাদ

তারিখ ... 09 JUL 1998 ...
পৃষ্ঠা ৭ কলাম ৮...

# ঢাকা ও সিন্ধু বিশ্ববিদ্যালয়ের মধ্যে ছাত্র বিনিময় হবে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় ও পাকিস্তানের সিন্ধু বিশ্ববিদ্যালয়ের মধ্যে ছাত্র বিনিময় করা হবে। দু' বিশ্ববিদ্যালয়ের উপাচার্য যথাক্রমে অধ্যাপক ডঃ এ, কে আজাদ চৌধুরী ও অধ্যাপক নাজির এ মুঘল স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ের পক্ষে গতকাল এ ব্যাপারে একটি স্মারক সই করেন।

বাংলাদেশ ও পাকিস্তানের বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে বিনিময় কর্মসূচির অধীনে পাকিস্তানের একটি উচ্চক্ষমতা-সম্পন্ন শিক্ষা প্রতিনিধিদল গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে এলে আরো একটি স্মারক সই হয়। প্রতিনিধিদলের মধ্যে ছিলেন পাকিস্তানের শিক্ষা সচিব ডঃ সফদার মাহমুদ, কায়েদ-ই-আজম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ মোহাম্মদ তারিক সিদ্দিকী, সিন্ধু বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডঃ নাজির এ মুঘল, পাকিস্তান বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য ডঃ জি এ মিয়ান এবং পাকিস্তান শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম উপদেষ্টা ডঃ পারভীন শহীদ। ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধিদের মধ্যে উপ-উপাচার্য অধ্যাপক শহীদ উদ্দিন আহমেদসহ বিভিন্ন অনুষদের ডিনগণ উপস্থিত ছিলেন।